

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
نَحْمَدُهُ وَنُصَلِّي عَلَى رَسُولِهِ الْكَرِيمِ

জাঁক্ষণ্ডজাম খুগো দুষ্টাগো

রমযানের কল্যাণরাজি

এবং হ্যরত মসীহ মাওউদ (আ.) এর নির্দেশাবলীর আলোকে তাকওয়া অর্জনের জ্ঞানগর্ভ বর্ণনা

সৈয়দনা হ্যরত আমীরুল মুমিনীন হ্যরত মির্যা মাসরুর আহ্মদ খলিফাতুল মসীহ আল্‌খামেস আইয়াদাহল্লাহু তাআলা বেনাস্রিহিল আযিয কর্তৃক ১৫ মার্চ, ২০২৪ ইং তারিখে
যুক্তরাজ্যের (চিলফোর্ড) ইসলামাবাদের মসজিদে মুবারকে প্রদত্ত খুতবা জুমআর সংক্ষিপ্তসার

আশ্হাদু আল্লাহ ইলাহা ইল্লাহু ওয়াহদাহু লাশারীকালাহু, ওয়াশ্হাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়ারসুলুহু।
আম্মাবাদু ফা-আউয়ুবিল্লাহি মিনাশ শয়তানির রজিম, বিসমিল্লাহির রহমানির রহিম। আলহামদু লিল্লাহি রবিল
'আলামিন। আর রহমানির রহিম। মালিকি ইয়াওমিদিন। ইয়াকা না'বুদু ওয়া ইয়াকা নাস্তাস্তি'ন। ইহুদিনাস
সিরাত্তাল মুসতাকীয়। সিরাত্তাল লায়ীনা আনআ'মতা আ'লাইহিম। গায়রিল মাগদুবি 'আলায়হিম। ওয়ালাদ্দল্লীন।
তাশাহহুদ, তা'উয ও সুরা ফাতিহা পাঠের পর সৈয়দনা হুয়ুর আনোয়ার (আই.) সুরা বাকারা'র নিম্নোক্ত
আয়াত পাঠ করেন :

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ
أَيَّامًا مَعْدُودَةٍ فَمَنْ كَانَ مِنْكُمْ مَرِيضاً أَوْ عَلَى سَفَرٍ فَعِدَّةٌ مِنْ أَيَّامٍ أُخَرَ وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ
فِدْيَةٌ طَعَامٌ مِسْكِينٌ فَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَهُ وَأَنْ تَصُومُوا خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ.

অর্থ: হে যারা ঈমান এনেছ! তোমাদের জন্য (সেভাবে) রোয়া বিধিবদ্ধ করা হলো যেভাবে তোমাদের
পূর্ববর্তীদের জন্য বিধিবদ্ধ করা হয়েছিল, যেন তোমরা তাকওয়া অবলম্বন করতে পারো। (তোমরা রোয়া
রাখবে) হাতেগোনা কয়েকটি দিন মাত্র। তবে তোমাদের মাঝে যে অসুস্থ অথবা সফরে থাকে সেক্ষেত্রে
(তাকে) অন্যান্য দিনে গণনা পূর্ণ করতে হবে। আর যারা এর (অর্থাৎ রোয়া রাখার) সামর্থ্য রাখে না তাদের
'ফিদিয়া' (হলো) একজন দরিদ্রকে খাওয়ানো। অতএব, যে স্বতঃস্ফূর্তভাবে পুণ্যকর্ম করে তা অবশ্যই তার
জন্য উত্তম। আর তোমরা যদি জানতে (তাহলে বুঝতে) রোয়া রাখাই তোমাদের জন্য শ্রেয়। (সুরা আল
বাকারা: ১৮৪-১৮৫)

আল্লাহ তাঁলার কৃপায় রমযান মাস শুরু হয়েছে। মহানবী (সা.) বলেন, এটি অত্যন্ত বরকতময় একটি
মাস যখন আল্লাহ তাঁলা তাঁর বান্দার প্রতি সাধারণ দিনগুলোর তুলনায় অনেক বেশি কৃপা করেন, যা আমরা
কল্পনাও করতে পারি না। এ মাসে খোদা তাঁলার পক্ষ থেকে শয়তানকে শৃঙ্খলাবদ্ধ করাও আমাদের জন্য
অনেক বড় অনুগ্রহ। অতএব, যখনই আল্লাহ তাঁলার প্রতি আমরা ঝুঁকি তখনই তাঁর কৃপার দ্বার পূর্বের চেয়ে

অধিক হারে আমাদের জন্য উন্মোচিত হয়। বিগত দিনগুলোতে যারা আল্লাহ্ তা'লার ইবাদতের বিষয়ে আলস্য প্রদর্শন করেছে, পবিত্র কুরআন পাঠ, অনুধাবন এবং এর শিক্ষার ওপর আমলের ক্ষেত্রে দুর্বলতা প্রদর্শন করেছে তাদের জন্য আল্লাহ্ তা'লা এ মাসে ফরয এবং নফল ইবাদতগুলোও বিশেষভাবে পালনের সুযোগ করে দিয়েছেন। তাই এই সুযোগকে কাজে লাগানোর এবং এথেকে উপকৃত হওয়ার সর্বাত্মক চেষ্টা করুন। রম্যান উপলক্ষ্যে মসজিদে দরস হয়ে থাকে, এমটিএ'তেও দরস সম্পূর্ণারিত হয়- এগুলো থেকে লাভবান হওয়া উচিত এবং আল্লাহ্ তা'লার নৈকট্য লাভের চেষ্টা করা উচিত এবং এ পরিবেশকে জীবনের স্থায়ী অভ্যাসে পরিণত করা উচিত যেন আমরা আল্লাহ্ তা'লার কৃপা এবং অনুগ্রহরাজির স্থায়ী উত্তরাধিকারী হতে পারি। মহানবী (সা.) বলেন, “মা তার হারানো সন্তানকে খুঁজে পেলে যেরূপ আনন্দিত হয় আল্লাহ্ তা'লা তাঁর পথহারা বান্দাকে ফিরে পেলে তার চেয়েও বেশি আনন্দিত হন।”

আল্লাহ্ তা'লা আমাদেরকে এ আয়াতে প্রথমেই বিনয়াবন্ত পছা অবলম্বনের নির্দেশ দিয়েছেন আর তা হলো, রোয়া এমন ইবাদত নয় যা তোমরাই প্রথমে পালন করছ, বরং পূর্বেও বিভিন্ন জাতিতে রোয়ার প্রচলন ছিল। তবে, একথা ঠিক যে, তাদের রোয়ার পদ্ধতি ভিন্ন ছিল কিন্তু তাদের জন্যও রোয়া বিধিবদ্ধ করা হয়েছিল এবং তাদেরকেও তাকওয়ার ওপর প্রতিষ্ঠিত হওয়ার তাগিদ দেয়া হয়েছিল।

তোমরা যদি তাকওয়ার ওপর প্রতিষ্ঠিত থাকো তাহলে শুধুমাত্র নিজেকেই রক্ষা করবে না, বরং শয়তান বা শয়তানী চিন্তাধাকেও পরাস্ত করবে। এটিই সেই পদ্ধতি যার ওপর পরিচালিত হলে রোয়ার প্রাপ্য হক্ক আদায় হতে পারে, নতুবা মহানবী (সা.) বলেছেন; তোমাদের অভুত্ত থাকায় আল্লাহ্ তা'লার কোনো আগ্রহ নেই। রোয়ার প্রকৃত উদ্দেশ্য হলো, তাকওয়া (অর্থাৎ খোদাভীতি) সৃষ্টি করা। যদি এমনটি না করা হয় তাহলে রোয়ার উদ্দেশ্য ব্যর্থ। বর্তমান যুগে অধিকাংশ মুসলমান স্বাচ্ছন্দ্যে সেহেরী ও ইফতারী করে থাকে। আবার দরিদ্রদের সেহেরী ও ইফতারীর ব্যবস্থা করতে অনেক কষ্ট হয়; তাদেরও অভুত্ত থাকা আল্লাহ্ তা'লার নিকট তখনই গৃহীত হবে যখন তারা তাকওয়ার পথে বিচরণ করবে, নিজেদের ইবাদতকে সুসজ্জিত করতে চেষ্টা করবে।

ধনীদের উচিত বিশেষভাবে রম্যানে দরিদ্রদের খোঁজখবর রাখা। রম্যানে পবিত্র কুরআন নিজে পাঠ করা ও অন্যকে পড়ানো, নিজে কুরআন শোনা ও অন্যকে শোনানোর প্রতি অধিক মনোযোগ দেয়া উচিত। কিন্তু বাস্তবতা হলো, অনেকে সারাদিন কাজ শেষ করে ইফতারির দাওয়াত খাওয়াতে ব্যস্ত হয়ে পড়ে; অন্যদিকে যারা ইফতারির আয়োজন করে তারা কেবলমাত্র এ চিন্তাই করতে থাকে যে, কীভাবে ভালো খাবারের ব্যবস্থা করা যায় আর কীভাবে মানুষের বাহবা পাওয়া যায়। বস্তু, এসব কর্মকান্ড রম্যানের প্রকৃত উদ্দেশ্য নয়, বরং এগুলো মানুষকে তাকওয়া থেকে দূরে ঠেলে দেয়। বর্তমানে ইফতার পার্টির নামে যা করা হয় এগুলো বেহুদা কাজ। এগুলোর সাথে রোয়ার কোনো সম্পর্ক নেই, আমার এসব একবারেই পছন্দ নয়।

হ্যারত মসীহ মওউদ (আ.) রোয়ার তাৎপর্য বর্ণনা করতে গিয়ে বলেন,

“রোয়ার প্রকৃত তাৎপর্য সম্পর্কে মানুষ অনবহিত। প্রকৃত বিষয় হলো, যে দেশে মানুষ যায় নি বা যে জগৎ সম্পর্কে মানুষ জানে না সে সেখানকার পরিস্থিতি সম্পর্কে কী বর্ণনা করবে? রোয়া কেবল এটি নয় যে, এতে মানুষ ক্ষুধার্তও পিপাসার্ত থাকবে, বরং এর একটি প্রভাব আছে যা অভিজ্ঞতার আলোকে উপলব্ধি করা যায়। মানুষের প্রকৃতিগত বৈশিষ্ট্য হলো, সে যত কম খায় তত বেশি আত্মার পরিশুল্ক হয় এবং দিব্যদর্শনের শক্তি বৃদ্ধি পায় (কিন্তু দুর্ভাগ্যজনক হলো, বর্তমানে রোয়া মানেই হলো পানাহার)। রোয়ার মাধ্যমে খোদা তা'লার অভিপ্রায় হলো, এক প্রকার আহার কমিয়ে আরেক প্রকার খাদ্য বৃদ্ধি করা। রোয়াদারের সর্বদা এটি দৃষ্টিপটে রাখা উচিত যে, এর মাধ্যমে শুধু অভুত্ত থাকাই উদ্দেশ্য নয়। বরং তার খোদা তা'লার স্মরণে মগ্ন

থাকা উচিত যেন খোদা তাঁলার প্রতি মনোযোগ নিবন্ধ হয় আর পার্থিবতার প্রতি বিমুখতা সৃষ্টি হয়।”

অতএব রম্যানে পবিত্র কুরআন পাঠ এবং তা অনুধাবনের পাশাপাশি ইবাদত ও যিকরে ইলাহীর প্রয়োজনীয়তা অত্যধিক। এর জন্য হ্যরত মসীহ মাওউদ (আ.)-এর ইলহামী দোয়া, “সুবহানাল্লাহি ওয়া বিহামদিহি সুবহানাল্লাহিল আযীম, আল্লাহুম্মা সাল্লি আলা মুহাম্মাদিও ওয়া আলি মুহাম্মদ” অনেক গুরুত্বপূর্ণ। একইসাথে দোয়া গৃহীত হওয়ার জন্য মহানবী (সা.)-এর দোহাই দেয়াও অতি আবশ্যিক; এটি আল্লাহ তাঁলার নির্দেশ।

আয়াতের দ্বিতীয়াংশের ব্যাখ্যা হল, এখানে আল্লাহ তাঁলা কতিপয় মৌলিক নির্দেশ প্রদান করেছেন। তিনি বলেছেন, মুসাফির বা অসুস্থ ব্যক্তি এ সময় রোয়া রাখবে না আর কেউ যেন নিজের ওপর বোোা না চাপায়, বরং তা পরবর্তীতে পূর্ণ করে। এখানে আল্লাহ তাঁলা অপারাগদের জন্য স্বাচ্ছন্দ্যের বিধান রেখেছেন। ধর্মবিরোধীরা ইসলামের অনুসারীদের মাঝে বিশৃঙ্খলা সৃষ্টির উদ্দেশ্যে বলে যে, তোমরা ধর্মীয় নির্দেশের শৃঙ্খলে আবদ্ধ। এ আয়াতে এর উন্নত এভাবে দেয়া হয়েছে যে, আল্লাহতাঁলার কোনো আদেশ আমাদের জন্য কষ্টকর নয়, সবকিছুর সাথেই অবকাশও রয়েছে। রোয়া ফরয, কিন্তু মানুষের প্রকৃতিগত অপরাগতার প্রতি দৃষ্টি রাখা হয়েছে আর বলা হয়েছে, বছরের অন্য যে কোনো সময় ভাঙ্গ রোয়া পূর্ণ করো; এরপর সামর্থ্য থাকলে ফিদিয়া প্রদান করো। ফিদিয়াও আল্লাহ তাঁলার পক্ষ থেকে পুণ্যের আরেকটি সুযোগ, কেননা এদ্বারা দরিদ্রদের সাহায্য করা হয়ে থাকে। অর্থাৎ, বান্দার প্রাপ্য অধিকার প্রদানের নির্দেশ দেয়া হয়েছে। এরপরও কেউ যদি এটি অনুধাবন না করে তাহলে এটি তার দুর্ভাগ্য।

ফিদিয়ার উদ্দেশ্য কি তা বর্ণনা করে হ্যরত মসীহ মাওউদ (আ.) বলেন,

“একবার আমার হৃদয়ে প্রশ্নে জাগে, ফিদিয়া নির্ধারণের কারণ কি? তখন জানতে পারলাম, এটি সামর্থ্য লাভের উদ্দেশ্য। অর্থাৎ, এর মাধ্যমে যেন রোয়া রাখার সামর্থ্য অর্জিত হয়। খোদা তাঁলার পবিত্র সভাই শক্তি যুগিয়ে থাকে, তাই সবকিছু তাঁর কাছেই চাওয়া উচিত। খোদা তাঁলা সর্বশক্তির আধার। তিনি চাইলে একজন যক্ষা-রোগীকেও রোয়া রাখার সামর্থ্য দিতে পারেন। ফিদিয়ার উদ্দেশ্যই হলো, সেই শক্তি লাভ করা আর এটি খোদার কৃপায়-ই লাভ হয়। অতএব, আমার মতে এভাবে দোয়া করলে খুব ভালো হয়, ‘হে আমার প্রভু-প্রতিপালক! এটি তোমার আশিসপূর্ণ একটি মাস, অথচ আমি এ থেকে বঞ্চিত। জানি না, আগামী বছর বাঁচব কি না কিংবা বাদ পড়া রোয়াগুলো রাখতে পারব কি না? তাঁর কাছে যদি এভাবে শক্তি চায় তাহলে আমার দৃঢ় বিশ্বাস, এমন হৃদয়ের অধিকারীকে খোদা তাঁলা শক্তি দান করবেন।’”

অনুরূপভাবে অসুস্থ মুসাফিরদের সম্পর্কে তিনি (আ.) বলেন,

“পবিত্র কুরআনে উল্লিখিত অবকাশগুলোর ওপর আমল করাও এক প্রকার তাকওয়া। আল্লাহ তাঁলা মুসাফির এবং রোগীদেরকে অন্য সময়ে রোয়া রাখার অনুমতি এবং সুযোগ দিয়েছেন। তাই এ নির্দেশও পালন করা উচিত। আমি পড়েছি, অনেক বৃষ্ণিরা এ মত দিয়েছেন যে, যদি কেউ মুসাফির অথবা অসুস্থাবস্থায় রোয়া রাখে তাহলে এটি পাপ। কেননা প্রকৃত উদ্দেশ্য হলো, আল্লাহ তাঁলার সন্তুষ্টি অর্জন করা, নিজের ইচ্ছা পূরণ নয় আর আল্লাহ তাঁলার সন্তুষ্টি তাঁর অনুগতের মাঝেই নিহিত, তিনি যে আদেশ দেন তা পালন করা হোক এবং নিজের পক্ষ থেকে এর ব্যাখ্যা না করা হোক; যেমনটি বর্তমান যুগের আলেমরা নিজেদের জ্ঞানের ধারণানুসারে করে থাকে।”

রোয়ার মূল উদ্দেশ্যই হলো, লাআল্লাকুম তাভাকুন- অর্থাৎ, যেন তোমরা তাকওয়া অবলম্বন করতে পারো। তাকওয়ার কোনো একটি শাখা অবলম্বন করলে চলবে না। যেভাবে এক বিন্দু পানি আমাদের পিপাসা

নিবারণ করতে পারে না আর খাবারের একটি দানা আমাদের পেট ভরতে পারে না ঠিক একইভাবে একটি তাকওয়ার শাখা অবলম্বন করে কেউ তাকওয়াশীল বা খোদাভীর হতে পারে না। সম্পূর্ণরূপে খোদাভীতি, খোদাভক্তি ও খোদাপ্রেম হৃদয়ে থাকলেই সত্যিকার তাকওয়াশীল হওয়া সম্ভব। আল্লাহ তা'লা আমাদের সবাইকে তাঁর সন্তুষ্টির পথে পরিচালিত হয়ে তাকওয়ার মাধ্যমে জীবনযাপনের তৌফিক দিন আর আল্লাহ করুন আমরা যেন ইসলামের অনিন্দ্য সুন্দর শিক্ষামালার ওপর আমলকারী হই এবং এ রমযানে আল্লাহ তা'লার অগণিত কল্যাণ লাভে ধন্য হই। অতএব, সৌভাগ্যবান সে যে আল্লাহ তা'লার সাথে সম্পর্ক সৃষ্টি করার মাধ্যমে রোয়ার কল্যাণরাজি থেকে উপকৃত হয়।

পরিশেষে হুয়ুর (আই.) বিভিন্ন শ্রেণির মানুষের জন্য দোয়ার আহ্বান করে বলেন, সমগ্র পৃথিবীর সকল আহমদী সদস্য-সদস্যা এবং জামাতের উন্নতি ও কারাবন্দি আহমদীদের মুক্তির জন্য দোয়া করুন। সামগ্রীকভাবে মুসলিম বিশ্বের জন্যও দোয়া করুন- আল্লাহ তা'লা তাদেরকে বিবেক-বুদ্ধি দিন যাতে তারা হযরত মসীহ মাওউদ (আ.)-কে মানতে সক্ষম হয়।

এছাড়া বিশ্বের সার্বিক পরিস্থিতির জন্যও দোয়া করুন, আল্লাহ তা'লা যেন মানুষকে বিশ্বস্তী যুদ্ধ এবং এর ভয়ানক পরিণাম থেকে রক্ষা করেন। যুক্তরাজ্যেও উপপন্থ দমনের নামে মুসলমানদের জীবন্যাত্রা সংকীর্ণকরার চেষ্টা চলছে। যদিও একটি নির্দিষ্ট সংগঠনকে নির্মূল করতে একটি আইন প্রণয়ন করা হচ্ছে, কিন্তু আল্লাহই ভালো জানেন যে, এর নেপথ্যে তাদের মূল উদ্দেশ্য কী? তাই দোয়া করা উচিত, আল্লাহ তা'লা আমাদেরকেও আর এখানকার অন্যান্য মুসলমানদেরকেও তাদের সর্বপ্রকার দুঃখতি থেকে যেন সুরক্ষিত রাখেন।

আলহামদুলিল্লাহি নাহমাদুহু ওয়া নাসতায়ীনুহু ওয়া নাসতাগফিরুহু ওয়া নু'মিনুবিহী ওয়া নাতাওয়াকালু আলাইহি ওয়া না'উযুবিল্লাহি মিন শুরুরি আনফুসিনা ওয়া মিন সায়িতাতি আ'মালিনা-মাইয়্যাহ্দিহিল্লাহু ফালা মুয়ল্লালাহু ওয়া মাই ইউয়লিলহু ফালা হাদিয়ালাহু-ওয়া নাশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারীকালাহু ওয়ানাশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু-

‘ইবাদাল্লাহি রাহিমাকুমুল্লাহু-ইন্নাল্লাহা ইয়া’মুর বিল ‘আদলি ওয়াল ইহসানি ওয়া ঈ’তাইয়িল কুরবা ওয়া ইয়ানহা ‘আনিল ফাহশাই ওয়াল মুনকারি ওয়াল বাগই-ইয়াইযুকুম লা’আল্লাকুম তাযাকারুন। উয়কুরল্লাহা ইয়াযকুরকুম ওয়াদ’উতু ইয়াসতাজিবলাকুম ওয়ালা যিক্রল্লাহি আকবর।

(‘মজলিশ আনসারুল্লাহ ভারত’ কর্তৃক প্রকাশিত সংক্ষিপ্ত উর্দু খুতবার অনুবাদ)

বি. দ্র. - নায়ারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে নব প্রকাশিত বাংলা পুস্তকগুলি হল : ১. ইসলামী শিক্ষার আলোকে প্রকৃত শান্তি এবং ২. মেয়ারুল মায়াহেব (ধর্মের মানদণ্ড)। পুস্তকগুলি প্রথমবার বাংলা ভাষায় অনুদিত হয়েছে। সংগ্রহের জন্য সংশ্লিষ্ট জেলা ইনচার্ফদের সাথে যোগাযোগ করুন।- ধন্যবাদ

Bengali Khulasa Khutba Juma Huzoor Anwar ^(at)	To,
15 March 2024	
Distributed by	
Ahmadiyya Muslim Mission	
.....P.O.....	
Distt.....Pin.....WB	

বিশেষ জানতে : Toll Free No.1800 103 2131 www.alislam.org | www.mta.tv | www.ahmadiyyamuslimjamaat.in

Summary of Friday Sermon, 15 March 2024, Bengali 4/4; Translated by Bangla Desk Qadian